

যুগান্তর

ময়মনসিংহে শিক্ষা বোর্ড

হচ্ছে

যুগান্তর রিপোর্ট

ময়মনসিংহে দেশের ১১তম শিক্ষা বোর্ড হচ্ছে। ২৮ আগস্ট এ সংক্রান্ত আদেশ জারি করে শিক্ষা মন্ত্রণালয়। মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. সেহরাব হোসাইন এ তথ্য নিশ্চিত করেন। নতুন এ বোর্ড ময়মনসিংহ, নেতৃত্বেনা, পেরিপুর ও জামালপুর জেলার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা সংগঠন, নিয়ন্ত্রণ, তত্ত্বাবধান এবং উন্নয়নের কাজ পরিচালনা করবে। বোর্ডের নাম হবে 'মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ'। এটি ময়মনসিংহ শহরে হাপন করা হবে। ১৯৬১ সালের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড অধ্যাদেশের ক্ষমতাবলৈ এ সিদ্ধান্ত নিয়েছে সরকার। এসব জেলার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা কার্যক্রম ঢাকা শিক্ষা বোর্ড থেকে পরিচালিত ও নিয়ন্ত্রিত হয়ে আসছিল। এ প্রসঙ্গে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান যুগান্তরকে বলেন, 'ময়মনসিংহ শিক্ষা বোর্ড' গঠনের আদেশ জারি হয়েছে। এখন পর্যন্ত চেয়ারম্যান নিযুক্ত হয়নি। নতুন শিক্ষা বোর্ডের কার্যক্রম শুরু হলে আমরা আমদের কাছে থাকা সমস্ত কার্যক্রম ও ফাইল বুঁরিয়ে দেব।' দেশে দশটি শিক্ষা বোর্ডের মধ্যে ৮টি হচ্ছে- ঢাকা, চট্টগ্রাম, বরিশাল, সিলেট, রাজশাহী, যশোর, কুমিল্লা ও দিনাজপুর। এগুলো সাধারণ শিক্ষা বোর্ড হিসেবে পরিচিত। এছাড়া মাদ্রাসা ও করিগঞ্জির শিক্ষা বোর্ড নামে ২টি শিক্ষা বোর্ড রয়েছে। ২০১৫ সালের ১৩ অক্টোবর উদ্বোধিত ঢাকা জেলা নিয়েই 'ময়মনসিংহ' নামে আইম প্রশাসনিক বিভাগ গঠনের শেষে জারি করে সরকার। এ বিভাগের আয়তন ১০ হাজার ৫৮৪ বর্গকিলোমিটার। জনসংখ্যা ১ কোটি ১৩ লাখ ৬৯ হাজার ৬০৬ জন। এরই ধারাবাহিকতায় ময়মনসিংহে শিক্ষা বোর্ড হচ্ছে।